

কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট	
খাদ্য অধিদপ্তর, ঢাকা।	
জারি নং: ১৫২/১১-১৩	তারিখ: ১৫/০৫/১৮
<input type="checkbox"/> প্রোগ্রামার	
<input type="checkbox"/> সহকারী প্রোগ্রামার	

বিষয় : নৌ পথে চালের চলাচল সূচী।

নৌ পরিবহন সূচী নং- ১৫২/১১-১৩

আশুগঞ্জ এলএসডি'র ধারণ ক্ষমতা ২৫০০ মে.টন। আশুগঞ্জ এলএসডিতে বর্তমানে ১২৭৩ মে.টন আমন সিদ্ধ/১৭-১৮ ও আমদানীকৃত সিদ্ধ ২২ মে.টন সহ মোট ১২৯৫ মে.টন চাল মজুদ রয়েছে। আশুগঞ্জ এলএসডিতে অচিরেই বোরো সংগ্রহ/১৮ এর কার্যক্রম শুরু হবে। বোরো সংগ্রহ লক্ষ্যমাত্রা সিদ্ধ ১৯১৭৭ মে.টন ও আতপ ৩৮৮৪ মে.টন। চাল সংগ্রহের স্বার্থে গুদামে খালিজায়গা সৃষ্টি করা প্রয়োজন। অপরদিকে উজানচর এলএসডি'তে মে/১৮ ও জুন/১৮ মাসে ভিজিডি, কাবিখা ও ভিজিএফসহ অন্যান্য খাতে বিলি বিতরণের জন্য ৩০০ মে.টন মজুদ গড়ে তোলা প্রয়োজন।

বর্ণিত অবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম মহোদয়ের অদ্য ০৬/০৫/১৮ খ্রি: তারিখের টেলিফোনিক অনুমোদনের প্রেক্ষিতে নিম্নরূপ সূচী জারী করা হলঃ

ক্র/নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক কেন্দ্র	পন্য	পরিবহন ঠিকাদারের নাম	পরিমাণ
১	ভারপ্রাপ্ত কর্মকর্তা আশুগঞ্জ এলএসডি	ভারপ্রাপ্ত কর্মকর্তা উজানচর এলএসডি	আমন সিদ্ধ/১৭-১৮	মে/মোঃ গিয়াসউদ্দিন	৭৫.০০০ মে.টন
				মে/এমি এন্টারপ্রাইজ	৭৫.০০০ মে.টন
				মে/মোমিন খান এন্ড ব্রাদার্স	৭৫.০০০ মে.টন
				মে/আমানত ট্রেডার্স	৭৫.০০০ মে.টন
				মোট=	৩০০.০০০ (তিনশত) মে.টন

- উক্ত সূচীর মেয়াদ আগামী ১৫/০৫/১৮ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- প্রেরক ঠিকাদার/প্রতিনিধির উপস্থিতিতে বস্তার উভয় পাশে ক্রয়কেন্দ্র ও মিলারের স্টেনসিল আছে- তা নিশ্চিত হয়ে নৌ-যানে চাল বোঝাই দিবেন।
- নিম্নমানের ও কীট-যুক্ত খাদ্য শস্য প্রেরণ করা যাবে না।
- প্রেরণকৃত খাদ্যশস্যের গুণগত মান, প্রকার ইত্যাদি ভি-ইনভয়েসে উল্লেখ পূর্বক প্রেরণ কেন্দ্র বিধি মোতাবেক ভি-ইনভয়েস ইস্যু করবেন এবং প্রেরণ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও ঠিকাদারের যৌথ স্বাক্ষরে খাদ্যশস্যের নমুনা সীলগালা সমেত প্রাপক কেন্দ্রে নমুনা প্রেরণ করবেন, প্রেরণ কেন্দ্র ও ঠিকাদার একটি করে নমুনা সংরক্ষণ করবেন।
- ঠিকাদার কর্তৃক নৌকা স্থাপনের সঙ্গে সঙ্গে অগ্রাধিকার ভিত্তিতে বোঝাই এবং বোঝাইকৃত মালামাল ত্রিপল দ্বারা ঢেকে বেধে দিতে হবে ও প্রাপক কেন্দ্র সঠিক ওজনে মালামাল খালাস করবেন।
- চলাচল সূচীর প্রাপ্ত মালামাল ইনভেন্ট্রির মাধ্যমে গ্রহণ করতে হবে। মালামাল প্রাপ্তির শেষে প্রাপক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা উক্ত ইনভেন্ট্রির ০১ (এক) কপি প্রাপক কেন্দ্রে এবং ০১ (এক) কপি অত্র দপ্তরে প্রেরণ করবেন। মালামাল প্রাপ্তির শেষে প্রাপক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর যৌথ স্বাক্ষরে প্রাপ্তির পূর্ণাঙ্গ প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে মালামাল পরিবহনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ভি-ইনভয়েসে ভারপ্রাপ্ত কর্মকর্তার অংশ ও প্রতিনিধির অংশ সঠিকভাবে পূরণ করতে হবে।
- চুক্তি মোতাবেক চলাচল কার্যক্রম পরিচালিত হবে।

স্বাক্ষর:  
(সুবীর নাথ চৌধুরী)  
জেলা খাদ্য নিয়ন্ত্রক  
ব্রাহ্মণবাড়িয়া।

ফোন : ০৮৫১-৫৮২৩২।

e-mail : dcf.bbr@dgfood.gov.bd

তারিখ- ১৫/০৫/১৮

স্মারক নং- ১৩.০৩.১২০০.০০৫.৫০.০০১.১৬ - ১৭৩(২০)

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে : -

- পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম। (উপর্যুক্ত চলাচল সূচীর সদয় অনুমোদন দানের জন্য অনুরোধ করা হলো)
- পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
- সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উক্ত সূচিটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া সদর। জারীকৃত সূচীর চাল প্রতিদিন মনিটরিং করার জন্য আপনাকে বলা হল।
- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আশুগঞ্জ/বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।
- ভারপ্রাপ্ত কর্মকর্তা, আশুগঞ্জ/উজানচর এলএসডি, ব্রাহ্মণবাড়িয়া।
- হিসাব শাখা/সরবরাহ শাখা, অত্র কার্যালয়।
- মেসার্স ....., নৌ পরিবহন ঠিকাদার, অত্র জেলা।

স্বাক্ষর:  
জেলা খাদ্য নিয়ন্ত্রক  
ব্রাহ্মণবাড়িয়া।